

নম্বর সংস্থা/শ-৪০/রে-১৪৮৮(১০০০)

তারিখ : ২১ সেপ্টেম্বর ২০১৪

## শোক বার্তা


আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউটের অধ্যাপক ডঃ এ. কে. এম. জহির উদ্দিন চৌধুরী গত শুক্রবার ১৯ সেপ্টেম্বর ২০১৪ তারিখ সকাল ১০ টার সময় ঢাকার মডার্ন হাসপাতালে হৃৎকাল করেন। (ইন্সলিগ্নাহে ----- রাজিউন)।

তিনি ১৯৭৪ সালে এই বিশ্ববিদ্যালয়ের পানিসম্পদ কৌশল (ডব্লিউআরই) বিভাগে প্রভাষক পদে যোগদানের মধ্য দিয়ে নিজের কর্মজীবন শুরু করেন। অতঃপর তিনি একই বিভাগের সহকারী অধ্যাপক পদে উন্নীত হন। পরবর্তীতে তিনি ১৯৮৪ সালে এই বিশ্ববিদ্যালয়ের পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট (আইডব্লিউএফএম)-এর গবেষণা সহযোগী অধ্যাপক পদে যোগদান করেন। এরপর তিনি গবেষণা অধ্যাপক এবং সিলেকশন গ্রেড প্রাপ্ত অধ্যাপক পদে উন্নীত হন। তিনি আমৃত্যু উক্ত ইনস্টিটিউটে শিক্ষাকতার পেশায় কর্মরত ছিলেন।

তিনি দীর্ঘ চার দশক ধরে অধ্যাপনার পাশাপাশি বুয়েটের আইডব্লিউএফএম, বিআরটিসি-এর পরিচালক এবং শেরে বাংলা হলের প্রভোস্টসহ বিভিন্ন প্রশাসনিক পদে দায়িত্ব পালন করে এই বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ব্যবস্থায় অবদান রাখেন। শুধু তাই নয়, তিনি ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ, ঢাকা-এর পরিচালনা পর্ষদের সভাপতির দায়িত্বও পালন করেন। এ দায়িত্ব পালনকালে তিনি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা ও প্রশাসনের গুণগত মানের উন্নয়ন সাধন করতে সক্ষম হন।

এছাড়াও তিনি জাতীয় পর্যায়ে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর সিন্ডিকেটের সদস্য, জাতীয় পানিসম্পদ পরিষদের সদস্য এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের বেশ কয়েকটি স্ট্রয়ারিং কমিটিসহ বিভিন্ন মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কমিটির সদস্যের দায়িত্ব পালন করেন। তিনি আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণপূর্বক সুচিন্তিত, সুপরিপক্বিত ও বাস্তবসম্মত মতামত প্রদান করে নিজের ও দেশের সুনাম অর্জন করেন। তাঁর এতসব কৃতিত্বপূর্ণ অবদানের জন্য আমরা তাঁর প্রতি কৃতজ্ঞ।

তাঁর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাভিভূত। তাঁর পরিবারের সকলের সাথে আমরা সমব্যথিত। আমরা সৃষ্টিকর্তার নিকট প্রার্থনা করছি যে, তাঁর পরিবারের সদস্য ও আত্মীয়স্বজনরা যেন দ্রুত শোক কাটিয়ে উঠতে পারেন। মরহুমের রুহের মাগফিরাত কামনা করছি যে, মহান আল্লাহ্‌তাআলা রাব্বুল আলামিন যেন তাঁকে জান্নাতবাসী করেন।

  
(প্রফেসর ডঃ এ. কে. এম. মাসুদ)  
রেজিস্ট্রার (অঃ দাঃ)

*all readers*